৯ জুলাই, ২০২৫

# নারায়ণগঞ্জে শ্রমিক নিহতের মামলায় আইভীর জামিন মঞ্জুর হয়নি



সংগৃহীত ছবি

নারায়ণগঞ্জে ছাত্র-জনতার আন্দোলনের সময় গুলিতে নিহত জুতা কারখানার শ্রমিক সজল হত্যা মামলায় সাবেক সিটি মেয়র ডা. সেলিনা হায়াত আইভীর জামিন আবেদন নামঞ্জুর করেছেন আদালত।

বুধবার (৯ জুলাই) দুপুরে নারায়ণগঞ্জ জেলা ও দায়রা জজ আদালতের বিচারক আবু শামীম আজাদ এ আদেশ দেন। শুনানিতে আইভীর পক্ষে তার আইনজীবীরা জামিনের আবেদন উপস্থাপন করলেও বিচারক তা গ্রহণ করেননি।

মামলার এজাহার অনুযায়ী, ২০২৪ সালের ২০ জুলাই নারায়ণগঞ্জের শিমরাইল এলাকায় ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে ছাত্র-জনতার আন্দোলনের সময় ডাচ বাংলা ব্যাংকের সামনে গুলিবিদ্ধ হয়ে নিহত হন শ্রমিক সজল। এ ঘটনায় চলতি বছরের ১৬ মে নিহতের পরিবার সিদ্ধিরগঞ্জ থানায় ডা. সেলিনা হায়াত আইভীসহ ৬২ জনের নাম উল্লেখ করে এবং অজ্ঞাত আরও দেড় শতাধিক ব্যক্তিকে আসামি করে একটি হত্যা মামলা দায়ের করেন।

LENS ASIA

মামলাটি বর্তমানে তদন্তাধীন রয়েছে। জামিন না পাওয়ায় আইভীর পক্ষে উচ্চ আদালতে আপিলের প্রস্তুতি নেওয়া হতে পারে বলে তার আইনজীবী দলের একটি সূত্র জানিয়েছে।